কালের কণ্ঠ

তারিখ 24 MAR 2015
পৃষ্ঠা ৬ কলাম ৬

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট

# সরকারি কলেজগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাখার দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে না নেওয়ার এই প্রথম বিরোধিতা করেছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট নামের একটি শিক্ষক সংগঠন। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সব সরকারি কলেজগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাখতে দাবি জানায় সংগঠনটি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আহ্বায়ক ও অবসর সুবিধা বোর্ডের সদস্যসচিব অধ্যক্ষ আসাদুল হক। তিনি বলেন, 'সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতায় নিতে যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা বাস্তবায়িত হলে উচ্চ শিক্ষাক্ষেত্রে আবার বৈষম্যের সৃষ্টি হবে বলে আমরা মনে করি। তাই জাতীয় বিশ্ববিদ্যালয়কে ব্যাপক সংস্কার করে সরকারি কলেজগুলোকে তার অধীনেই রাখা হোক।'

এর আগে গত বছরের ৩১ আগস্ট শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনকালে দেশের স্নাতক সম্মান (অনার্স) পড়ানো হয় এমন সরকারি কলেজগুলোকে সরকারি ও স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে প্রধানমন্ত্রীর নির্দেশের পক্ষে মত দিয়েছেন দেশের প্রায় সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা।

সংবাদ সম্মেলনে শর্ত পূরণকারী স্কুল, কলেজ, অনার্স পাঠদানকারী শিক্ষক ও কর্মচারীদের অবিলম্বে এমপিওভুক্ত করা, অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টে তহবিলের জন্য বাজেটে সহায়ক অঙ্কের বরাদ্দ রাখা এবং শিক্ষা খাতে জাতীয় বাজেটের ২০ শতাংশ বরাদ্দ নিশ্চিতসহ সরকারের কাছে ১৩টি দাবি পেশ করা হয়।